...

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
পরিকল্পনা ও উন্নয়ন শাখা

# জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন সংক্রান্ত নৈতিকতা কমিটির ২০২০-২১ অর্থবছরের ১ম ত্রৈমাসিক সভার কার্যবিবরণী।

---

| | |
|---|---|
| সভাপতি | নাসরীন আফরোজ<br>ব্যবস্থাপনা পরিচালক |
| সভার তারিখ | ০৫ অক্টোবর ২০২০ খ্রিস্টাব্দ |
| সভার সময় | সকাল: ১১.০০ মিনিট |
| স্থান | প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের সম্মেলন কক্ষ (কক্ষ নং-২১৫)। |
| উপস্থিতি | “ক” |

২.০ সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের সহকারী পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) ট্রাস্টের জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন সংক্রান্ত ‘নৈতিকতা কমিটি’র বিগত সভার কার্যবিবরণী উপস্থাপন করেন। এরপর সভার আলোচ্যসূচি অনুযায়ী নিম্নবর্ণিত সিদ্ধান্ত সমূহ গ্রহণ করা হয়:

| ক্র: | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ২.১ | **বিগত সভার কার্যবিবরণী পাঠ ও নিশ্চিতকরণ:**<br>বিগত ২৮ জুন ২০২০ খ্রি, তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীতে কোনো সংশোধনী না থাকলে তা সর্বসম্মতিক্রমে অনুমোদন করা যেতে পারে। | কার্যবিবরণীতে কোনো সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা অনুমোদিত হয়। | সহকারী পরিচালক (পরি: ও উন্নয়ন) |

| | | | |
|---|---|---|---|
| ২.২ | **জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা পর্যালোচনা:**<br>সহকারী পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) বলেন যে, কর্মপরিকল্পনা অনুযায়ী ২০২০-২১ অর্থবছরে 'প্রশিক্ষণ কর্মশালা ও সেমিনার বর্ষপুঞ্জি' প্রকাশ করে ওয়েবসাইটে আপলোড করা হয়েছে। উক্ত কর্মপরিকল্পনার ২.৩ ও ২.৪ নং ক্রমানুযায়ী প্রতি কোয়ার্টারে চাকরি সংক্রান্ত বিভিন্ন প্রশিক্ষণ ও সুশাসন সংক্রান্ত প্রয়োজনীয় সংখ্যক অভ্যন্তরীণ প্রশিক্ষণ আয়োজন করা যেতে পারে। এছাড়া, প্রতি কোয়ার্টারে নৈতিকতা কমিটির সভা আয়োজনসহ পরবর্তী কোয়ার্টারে অংশীজনের অংশগ্রহণে সভা আয়োজন করা যেতে পারে।<br>উপ-পরিচালক বলেন, কর্মপরিকল্পনা অনুযায়ী যথাসময়ে কার্যক্রম গ্রহণ, ট্রাস্টের উত্তম চর্চার তালিকা প্রণয়ন ও সকল শাখার সংশ্লিষ্ট কার্যক্রমের সমন্বয়ে ওয়েবসাইটের স্ব স্ব সেবা বক্সের তথ্য নিয়মিত হালনাগাদ করা প্রয়োজন।<br>সভাপতি ২০২০-২১ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনায় অন্তর্ভুক্ত কার্যক্রমসমূহ বাস্তবায়নে সকলকে নিজ নিজ দায়িত্ব সুষ্ঠুভাবে পালনের বিষয়ে দিকনির্দেশনা প্রদান করেন। | (ক) উত্তম চর্চার তালিকা প্রণয়ন করে ট্রাস্টের ওয়েবসাইটে আপলোড করাসহ মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সংশ্লিষ্ট শাখায় প্রেরণ করা হবে। | সহকারী পরিচালক (পরি: ও উন্নয়ন) |
| | | (খ) ২য় কোয়ার্টারে বিভিন্ন বিষয়ের উপর ন্যুনতম ৩টি অভ্যন্তরীণ প্রশিক্ষণ আয়োজন করা হবে। | সহকারী পরিচালক (পরি: ও উন্নয়ন) এবং (অর্থ ও হিসাব) |
| | | (গ) অক্টোবর ২০২০-এর মধ্যে আর্থিক ব্যবস্থাপনা বিষয়ক দিনব্যাপী একটি প্রশিক্ষণ আয়োজন করা হবে। | |
| ২.৩ | **বিবিধ:**<br>সদস্য সচিব বলেন, ট্রাস্টের সাবেক ব্যবস্থাপনা পরিচালকগণের নামের তালিকা ওয়েবসাইটে আপলোড করা প্রয়োজন। ২০২০-২১ অর্থবছরের ট্রাস্টের সিটিজেন্স চার্টার হালনাগাদ করা হয়েছে, যা ওয়েবসাইটে আপলোডসহ অফিসের নির্ধারিত স্থানে স্থাপন ও ট্রাস্টের একটি অনার বোর্ড স্থাপনের প্রস্তাব করলে সভাপতি তাতে সহমত পোষণ করেন।<br>সভাপতি ট্রাস্টের জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন সংক্রান্ত নৈতিকতা কমিটির কাজের অগ্রগতিতে সন্তোষ প্রকাশ করেন। | (ক) ওয়েবসাইটে সাবেক ব্যবস্থাপনা পরিচালকগণের নামের তালিকা আপলোড করা হবে। | সহকারী পরিচালক (সকল) এবং (প্রোগ্রামার) |
| | | (খ) হালনাগাদকৃত সিটিজেন্স চার্টার ওয়েবসাইটে আপলোডসহ অফিসের নির্ধারিত স্থানে ১৫ অক্টোবর ২০২০ তারিখের মাধ্য স্থাপন করা হবে। | |
| | | (গ) নির্ধারিত স্থানে ৩১ অক্টোবর ২০২০ তারিখের মাধ্য একটি অনার বোর্ড স্থাপন করা হবে। | |

৩.০ আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

নাসরীন আফরোজ
ব্যবস্থাপনা পরিচালক

স্মারক নম্বর: ৩৭.২৪.০০০০.০০৪.০৬.০০১.১৮.৩৩

তারিখ: ২২ আশ্বিন ১৪২৭
০৭ অক্টোবর ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :
১) সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
২) পরিচালক (যুগ্ম সচিব), প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
৩) উপ-পরিচালক, উপ-পরিচালকের দপ্তর, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
৪) সিনিয়র সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব), বার্ষিক কর্মসম্পাদন, সেবা উন্নয়ন ও উদ্ভাবন শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
৫) সহকারী পরিচালক, উপবৃত্তি শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
৬) সহকারী পরিচালক, পরিকল্পনা ও উন্নয়ন শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
৭) সহকারী পরিচালক , প্রশাসন শাখা , প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
৮) সহকারী পরিচালক, অর্থ ও হিসাব শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
৯) প্রোগ্রামার , আইসিটি শাখা , প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট (ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।)
১০) সহকারী প্রোগ্রামার , আইসিটি শাখা , প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
১১) হিসাবরক্ষণ কর্মকর্তা, অর্থ ও হিসাব শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
১২) ব্যক্তিগত সহকারী, ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর , প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
১৩) ব্যক্তিগত সহকারী, পরিচালকের দপ্তর, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
১৪) অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, পরিকল্পনা ও উন্নয়ন শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
১৫) অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, অর্থ ও হিসাব শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
১৬) অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, উপবৃত্তি শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
১৭) অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, প্রশাসন শাখা , প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
১৮) ডাটা এন্ট্রি অপারেটর, আইসিটি শাখা , প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
১৯) ডাটা এন্ট্রি অপারেটর, আইসিটি শাখা , প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
২০) ডাটা এন্ট্রি অপারেটর, আইসিটি শাখা , প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট

মোহাম্মদ আনোয়ার হোসেন সোহাগ
সহকারী পরিচালক